

১৭/৮
ফকির ৫২০৬
১৪.০৪.২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ
খুলনা
www.dls.khulnadiv.gov.bd

জেলা প্রাণিসম্পদ দপ্তর
খুলনা
প্রাপ্তি নং: ১৩/৪/২৫
তারিখ: ১৩/৪/২৫
সম্মতি নং: ১৭.০০৪

"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.২০৪.৮৬.০০০২.২৫.৩১৪

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: তীব্র তাপপ্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয়।

সূত্র: পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের ১৩/০৪/২০২৫খ্রি. তারিখের
৩৩.০১.০০০০.২০০.৯৯.০১৮.১৭-৩৯৪ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী দিনগুলোতে তীব্র তাপপ্রবাহের সম্ভাবনার প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের বর্ণিত পত্রের (সংযুক্ত) নির্দেশনা অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



১৩-০৪-২০২৫

ডাঃ নূরুল্লাহ মোঃ আহসান
পরিচালক

০২৪৭৭৭০১২১৬

ddlshulna@gmail.com

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল), খুলনা বিভাগ, খুলনা।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.২০৪.৮৬.০০০২.২৫.৩১৪/১(১)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি :

১। উপপরিচালক, ভেটেরিনারি পাবলিক হেলথ, পরিচালকের কার্যালয়, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা।





১৩-০৪-২০২৫

ডাঃ নূরুল্লাহ মোঃ আহসান
পরিচালক

13-04-20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক সম্প্রসারণ এর কার্যালয়
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

“আমিবেই শক্তি, আমিবেই মুক্তি”
জেলা প্রাণিসম্পদ দপ্তর
ফোর।
প্রাপ্তি নং.....
তারিখঃ ১৩/০৪/২০
নথি নং ৪৭.০০৪

স্মারক নং- ৩৩.০১.০০০০.২০০.৯৯.০১৮.১৭-৩৯৪

তারিখ: ১৩/০৪/২০২৫খ্রি.

বিষয়: তীব্র তাপপ্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী দেশের বিভিন্ন জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামী দিনগুলোতে তীব্র তাপ প্রবাহের সম্ভাবনা রয়েছে। এ ধরনের আবহাওয়ায় গবাদিপশু ও হাঁস-মুরগী তাপপ্রবাহজনিত পীড়নে আক্রান্ত হতে পারে। এমতাবস্থায় গবাদি পশু ও হাঁস-মুরগী পালনকারী/ খামারীগণকে তাপপ্রবাহজনিত পীড়ন প্রতিরোধে নিম্নবর্ণিত করণীয় বিষয়সহ প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১. গবাদিপশু/ পোস্ত্রির ঘর বা শেড শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এজন্য শেডের চালে ডেজা চট/বস্তা/কাপড় বিছিয়ে দেয়া যেতে পারে এবং কিছু সময় পরপর তাতে পানি ছিটিয়ে ভিজিয়ে দিতে হবে। শেডের ভিতরেও ডেজা চট/বস্তা/কাপড় বুলিয়ে রাখলে ঘরের ভিতরের তাপমাত্রা শীতল রাখতে সাহায্য করবে।
২. শেডের উপরে সরাসরি সূর্যের তাপ প্রতিরোধে খড়ের স্তর/রঙিন (কালো বা স্বচ্ছ নয়) পলিথিন সামিয়ানার মত করে দেয়া যেতে পারে।
৩. শেডের ভিতরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজনে ফ্যান/ একজস্ট ফ্যান ব্যবহার করতে হবে।
৪. তীব্র তাপ প্রবাহের সময় গবাদিপশুকে আবদ্ধ ঘরে বা খোলা মাঠে না রেখে গাছের ছায়ায়ুক্ত স্থানে রাখার ব্যবস্থা করতে হবে।
৫. পর্যাপ্ত, বিশুদ্ধ ও ঠান্ডা পানি সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। পানির সাথে পরিমানমত ইলেক্ট্রোলাইট ও ভিটামিন সি মিশিয়ে দেয়া যেতে পারে।
৬. সকালে ও সন্ধ্যায় খাদ্য প্রদান করতে হবে এবং উচ্চ শক্তি/প্রোটিনযুক্ত খাদ্য পরিহার করতে হবে।
৭. গবাদিপশুকে একাধিকবার গোসল করানো / পাইপের সাহায্যে শরীর ভিজিয়ে দিতে হবে।
৮. প্রতি ইউনিট জায়গায় গবাদিপশু ও হাঁস-মুরগির সংখ্যা কমিয়ে বেশি জায়গা নিশ্চিত করতে হবে যাতে গাদাগাদি কম হয় এবং স্বস্তিতে থাকতে পারে।
৯. তীব্র গরমে গবাদিপশু / হাঁস-মুরগীকে টীকা কিংবা কুমিনাশক প্রদান করা থেকে বিরত থাকতে হবে এবং পরিবহনের প্রয়োজন হলে দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে পরিবহন করতে হবে।
১০. গবাদিপশু / হাঁস-মুরগীর বিষয়ে যেকোন পরামর্শ এর জন্য নিকটস্থ ডেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে হবে।
১১. প্রাণিসম্পদ অধিদপ্তরের National Livestock Advisory System (nals.dls.gov.bd) হতে আবহাওয়ার পূর্বাভাস এবং তাপমাত্রা-আর্দ্রতা সূচক (THI) অনুসরণ করে আগাম প্রস্তুতি নিতে হবে।

১৩/০৪/২০

ডা. বেগম শামছুন নাহার আহম্মদ
পরিচালক, সম্প্রসারণ
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

পরিচালক,
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপি-


১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৩৩.০১.৪১০০.০০০.৪৭.০০৪.২৪-৪২০/১

তারিখঃ- ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১-৮। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, যশোর সদর/ঝিকরগাছা/শার্শা/মনিরামপুর/কেশবপুর/অভয়নগর/বাঘারপাড়া/চৌগাছা, যশোর। পত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।



(ডাঃ মোঃ রাশেদুল হক)

জেলা প্রাণিসম্পদ অফিসার

যশোর।

ফোন নং-০২৪৭৭৬১৪১২

মোবাইল নং-০১৩২৪-২৮৯৭৪২

email: jessedlo@gmail.com



সদয় অবগতির জন্য অনুলিপি :-

১. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
২. অফিস কপি।